চুয়াডাঙ্গায় প্রমিলা ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত: চুয়াডাঙ্গা দলের জয়লাভ

চুয়াডাঙ্গায় প্রমিলা ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (১৮ অক্টোবর) বিকেল চারটায় শহরের পুরাতন স্টেডিয়াম মাঠে এই ফুটবল খেলায় অংশ গ্রহণ করেন চুয়াডাঙ্গার মহাতাব বিশ্বাস প্রমিলা ফুটবল একাডেমি ও খুলনার এজাজ প্রমিলা ফুটবল একাডেমির এক দল মেয়েরা।

প্রীতি এই ফুটবল খেলায় ২-০ গোলে চুয়াডাঙ্গা দল মহাতাব বিশ্বাস প্রমিলা ফুটবল একাডেমি জয়লাভ করে চ্যাম্পিয়ন হয়। রানার আপ হয় খুলনা থেকে আসা এজাজ প্রমিলা ফুটবল একাডেমি।

এ খেলায় ম্যান অব দ্য ম্যাচ হয়েছেন মহাতাব ফুটবল একাডেমি দলের খেলোয়ার বিদিশা । চুয়াডাঙ্গার মহাতাব বিশ্বাস ফুটবল একাডেমি এ প্রীতি ফুটবল প্রতিযোগিতার আয়োজন করেন।

খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান লালন। মাঠে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি খেলা উদ্বোধন করেন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুন্সি আবু সাইফ, চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের সভাপতি অ্যাড. মানিক আকবর, সাধারণ সম্পাদক কামরুজ্জামান সেলিম, রাখি ইলেকট্রনিকস এর মালিক মাসুদ রানা, চুয়াডাঙ্গা মহাতাব বিশ্বাস ফুটবল একাডেমির প্রতিষ্ঠাতা পরিচালক সালাউদ্দিন বিশ্বাস প্রমুখ।

খেলার নির্ধারিত সময়ে চুয়াডাঙ্গা দল খুলনা দলকে ২-০ গোলে পরাজিত করে। এরপর চ্যাম্পিয়ন দল চুয়াডাঙ্গা মহাতাব বিশ্বাস প্রমিলা ফুটবল একাডেমির হাতে বিজয়ী পুরস্কার ট্রফি তুলে দেয়া হয়।

এখন হয়তো দেশে ফিরতে পারব না: সাকিব

খুব নাটকীয় কিছু না ঘটলে দেশের মাটিতে ক্যারিয়ারের শেষ টেস্ট খেলা হচ্ছে না সাকিব আল হাসানের। নিরাপত্তা ইস্যু থাকায় তার ইচ্ছাটা আর পূরণ হচ্ছে না। দুবাই থেকেই তিনি হয়তো যুক্তরাষ্ট্রে ফেরত যাবেন।

দেশের অনলাইন গণমাধ্যম ‘বিডিনিউজটোয়েন্টিফোর ডটকম’কে বৃহস্পতিবার (১৭ অক্টোবর) সাকিব নিজেই এই কথা জানিয়েছেন।

সাকিব আল হাসান বলেছেন, ‘দেশে ফেরার কথা ছিল… কিন্তু এখন হয়তো ফিরতে পারব না সিকিউরিটি ইস্যুর জন্য, আমার নিজের নিরাপত্তার জন্যই…।’ সাকিবের কাছে জানতে চাওয়া হয়, চূড়ান্ত সিদ্ধান্ত কখন আসতে পারে? জবাবে তিনি বলেন, ‘এখন সিদ্ধান্ত চূড়ান্তই বলতে পারেন।’

সাকিবের ইচ্ছাপূরণে বেশ আন্তরিকতা দেখিয়েছে অন্তর্বর্তী সরকার। কিন্তু গত কয়েক দিন মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে সাকিবের বিরুদ্ধে কিছু মানুষ মানববন্ধন, মিছিলসহ নানা কর্মসূচি করেছে। পোস্টার সাঁটানো হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়েও তার কুশপুত্তলিকা দাহ করা হয়েছে। তার বিরুদ্ধে একটি পক্ষের আজ বিসিবিতে স্মারকলিপি দেওয়ার কথা। এসব ঘটনাপ্রবাহের মাঝে পরবর্তী সিদ্ধান্ত জানানোর আগপর্যন্ত সাকিবকে দুবাইয়ে অবস্থান করতে বলা হয়।

সাকিব গতকালই দুবাই পৌঁছেছেন। দুবাইয়ে তার ট্রানজিট এবার একটু লম্বা। সেখান থেকে তার ঢাকায় আসার ফ্লাইট আজ স্থানীয় সময় বিকেল পাঁচটায়। রাত ১১টার পর তার ঢাকায় পৌঁছার কথা ছিল। এই মুহূর্তে সাকিবের বিষয়ে বিসিবিতে একটা সভার কথাও শোনা গেছে।

তবে সাকিব নিজেই যা বলেছেন, তাতে তার দেশে ফেরার সম্ভাবনা নেই বললেই চলে। আগামী ২১ অক্টোবর মিরপুরে শুরু হতে যাচ্ছে প্রথম টেস্ট। দেশে ফিরে শুক্রবার অনুশীলনে যোগ দেওয়ার কথা ছিল সাকিবের।
সূত্র: ইত্তেফাক

গাংনীতে “শহীদ আবু সাঈদ স্টেডিয়াম” স্থাপন

এবার আড়ম্বর পরিবেশে গাংনী উপজেলার খড়মপুর গ্রামে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে পুলিশের গুলিতে নিহত শহীদ আবু সাঈদের নামে প্রতিষ্ঠিত হলো “শহীদ আবু সাঈদ স্টেডিয়াম”।

আজ বুধবার (১৬ অক্টোবর) দুপুরে শহীদ আবু সাঈদ স্টেডিয়াম উদ্বোধন উপলক্ষে গ্রামবাসি আয়োজন করে আলোচনা সভা ও মিলাদ মাহফিল শেষে দুপুরের ভোজ।

ধানখালো ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামানের সভাপতিত্ব উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। তিনি স্টেডিয়ামেরও স্টেডিয়ামের উদ্বোধন ঘোষণা করেন।

সাবেক ছাত্রনেতা হাবিবুর রহমান কাজলের সঞ্চালনায় উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ধানখালো ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ফিরোজ আলী, মেহেরপুর জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, স্থানীয় বিএনপি নেতা ও সমাজসেবক নুরুল ইসলাম মিয়া, খড়মপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইদুল ইসলাম, ভাটপাড়া (কসবা) মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসানুজ্জামান লুডু, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস, ধানখোলা ইউনিয়ন বিএনপির (ক ইউনিট) এর সভাপতি মোস্তাক হোসেন, বিএনপি নেতা বুলবুল আহমেদ, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক লাল্টু মিয়া, যুবদল নেতা এনামুল হক, টোকন আলী প্রমুখ। আলোচনার আগে মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয়। পরে স্থানীয় দুটি টিমের মধ্যে ফুটবল, জার্সি বিতরণ ও প্রিতী ম্যাচের আয়োজন করা হয়।

প্রিতী ম্যাচের আনুষ্ঠানিক উদ্বোধন করেন সাবেক ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, গাংনী উপজেলা যুবদলের সভাপতি চপল হোসেন, স্থানীয় সমাজ সেবক ও বিএনপি নেতা নুরুল ইসলাম।

এসময় বিএনপি নেতা সমাজসেবক নুরুল ইসলাম শহীদ আবু সাঈদ স্টেডিয়ামের প্রাথমিক কার্যক্রমের জন্য নগদ ৫ হাজার টাকা অনুদান দেন ও পরে আরও ১০ হাজার টাকা দেওয়ার ঘোষণা দেন।

উল্লেখ্য, খড়মপুর মাঠের মধ্যে প্রায় দুই একর সরকারি খাঁস জমি স্থানীয় কিছু ব্যক্তি সরকারের কাছ থেকে নামমাত্র লিজ নিয়ে এতদিন দখলে রেখেছিলেন। সাম্প্রতিক সময়ে এলাকার লোকজন জমিটি উদ্ধার করে খেলার মাঠ তৈরীর ঘোষণা দেন। মাঠটিকে সকলের মতামত নিয়ে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সময় রংপুরে পুলিশের গুলিতে নিহত শহীদ আবু সাঈদের নামে এই মাঠটির নামকরন করা হয়।

মেহেরপুরে গ্রীষ্মকালীন ক্রীড়া

প্রতিযোগিতার উদ্বোধনী ও সমাপনি

মেহেরপুরে ৫১তম জাতীয় স্কুল মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্ম কালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ উপলক্ষে দাবা, কাবাডি ও সাঁতারের উদ্বোধনী ও সমাপনি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১৬ই অক্টোবর) সকাল ১০টার সময় জাতীয় স্কুল মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে মেহেরপুর জেলা স্টেডিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জেলা শিক্ষা অফিসার মোঃ আব্বাস উদ্দীনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার নাসরিন সুলতানা, সরকারি কমিশনার আবির আনসারী, মেহেরপুর আদর্শ মাধ্যমিক শিক্ষাক পরিষদের সভাপতি জাব্বারুল ইসলাম মাস্টার, মেহেরপুর জেলা শিক্ষাক সমিতির সভাপতি ইসরাইল হোসেন, জেলা শিক্ষা অফিসের গবেষক

কর্মকর্তা আখতারুজ্জামান, জেলা শিক্ষা অফিসের সহকারী পরিদর্শক ওয়াসীম আকরাম, মেহেরপুর সদর উপজেলা একাডেমি সুপারভাইজার আনারুল ইসলাম, মুজিবনগর উপজেলা একাডেমি সুপারভাইজার হসনাইন করিম, মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালযয়ের প্রধান শিক্ষক ফজলুল হক প্রমুখ।

নারী টি-টোয়েন্টি বিশ্বকাপে তিন আসর পর এশিয়ান দল ছাড়া সেমিফাইনাল

সংযুক্ত আরব আমিরাতে চলমান নারী টি- টোয়েন্টি বিশ্বকাপের নবম আসরের গ্রুপ পর্বের খেলা শেষ হয়েছে গতকাল। নিশ্চিত হয়ে গেছে সেমিফাইনালের টিকিট কাটা চার দল। তবে তাতে নাম নেই কোনো এশিয়ার দেশের।

যদিও গেল আসরের সেমিফাইনাল খেলা ভারতের এবারের আসরেও খেলার সম্ভাবনা ছিল কিন্তু তা হতে দেয়নি পাকিস্তান। এতে এই টুর্নামেন্টের তিন আসর পর কোনো এশিয়ান দল ছাড়াই মাঠে গড়াতে যাচ্ছে শেষ চারের খেলা। আগামীকাল দুবাই আন্তর্জাতিক স্টেডিয়ামে বাংলাদেশ সময় রাত ৮টায় অনুষ্ঠিত হবে এই আসরের প্রথম সেমিফাইনাল। আর শুক্রবার একই সময় শারজাহতে মাঠে গড়াবে সেমিফাইনালের দ্বিতীয় ম্যাচ। টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত হবে আগামী রবিবার।

নারী টি-টোয়েন্টি বিশ্বকাপের সবশেষ তিন আসরেই ভারত খেলেছে সেমিফাইনাল পর্বে। এর মধ্যে ২০২২ সালে খেলেছে ফাইনালও। তবে চলমান আসরে তা সম্ভব হয়নি। গ্রুপ পর্ব থেকেই তাদের নিতে হলো বিদায়। তাতে গ্রুপ পর্ব থেকেই শেষ হলো এশিয়ার দলগুলোর যাত্রা।

সবশেষ ২০১৬ সালে দেখা গিয়েছিল এমন চিত্র। যদিও এশিয়ার দলগুলোর মধ্যে ভারত ছাড়া আর কোনো দলই এখন পর্যন্ত এই টুর্নামেন্টের কোনো আসরে সেমিফাইনাল খেলার যোগ্যতা অর্জন করতে পারেনি। সবশেষ ৮ আসরের মধ্যে ভারত পাঁচ আসরেই খেলেছে সেমিফাইনাল। চলতি আসরের

গ্রুপ পর্ব থেকে এশিয়ান দলগুলোর মধ্যে সবার আগে বিদায় নিয়েছিল শ্রীলঙ্কা তারপর বাংলাদেশ। পাকিস্তানও ছিল বিদায়ের দ্বারপ্রান্তে। তবে সবার থেকে সুবিধাজনক অবস্থানে ছিল ভারত। গ্রুপ পর্বে নিজেদের চার ম্যাচের মধ্যে প্রথম তিনটির মধ্যেই দুটি জয় তুলে নেয় তারা একটি হারে। শেষ ম্যাচটি জিতলেই সেমির টিকিট নিশ্চিত হয়ে যেত।

এই ম্যাচে তাদের প্রতিপক্ষ ছিল টুর্নামেন্টের সফলতম দল অস্ট্রেলিয়া। তাদের বিপক্ষে জয়ের কাছে গিয়েও হারে ৯ রানে। এমন হারের পরও ভারতের ভাগ্য টিকে ছিল পাকিস্তানের ওপর। ‘এ’ গ্রুপের শেষ ম্যাচে সোমবার পাকিস্তান নিউজিল্যান্ডকে হারিয়ে দিলেই ভারত পৌঁছে যেত। তবে তা হয়নি। হয়তো টিভির পর্দায় পাকিস্তানের হারের মধ্য দিয়েই নিজেদের বিদায় দেখেছেন হারমান- মান্ধানারা।

সূত্র: ইত্তেফাক

জাতীয় দলের কোচ হাথুরুসিংহে বরখাস্ত,নতুন কোচ সিমন্স

দেশের ক্ষমতার পটপরিবর্তনের পর চাকরি ঝুলে গিয়েছিল টাইগার হেড কোচ চন্ডিকা হাথুরুসিংহের। বিসিবি সভাপতি হিসেবে নাজমুল হাসান পাপনের স্থলাভিষিক্ত হওয়া ফারুক আহমেদ নিজের প্রথম সংবাদ সম্মেলনেই জানিয়েছিলেন হাথুরুর বিকল্প কোচ খোঁজার কথা। যদিও পাকিস্তান সিরিজে অবিশ্বাস্য ফল এবং পরপরই ভারতের মাটিতে সিরিজ। সব মিলিয়ে হাথুরু অধ্যায় অনেকটা চাপা পড়ে গিয়েছিল।

মঙ্গলবার (১৫ অক্টোবর) মিরপুরে সংবাদ সম্মেলনে ফারুক বলেছেন, ‘বরখাস্ত করার আগে আমরা তাকে নিয়ম মেনে শোকজ নোটিশ করেছি। ৪৮ ঘণ্টার জন্য সাসপেন্ড করা হয়েছে তাকে। এরপর আমরা বরখাস্ত করব। চ্যাম্পিয়নস ট্রফি পর্যন্ত কোচ ফিল সিমন্স।’

২০১৪ সালের জুন থেকে ২০১৭ সালের অক্টোবর পর্যন্ত প্রথম মেয়াদে বাংলাদেশ জাতীয় দলের হেড কোচ ছিলেন চন্ডিকা হাথুরুসিংহে। কিন্তু

সেবার চুক্তির মাঝপথে হাথুরুসিংহে অনেকটা আকস্মিকভাবে বাংলাদেশ ছেড়ে চলে যান। সেই সময়ে আলোচনা ওঠে, কোনও ক্রিকেটার বা বোর্ড কর্তার সঙ্গে খারাপ সম্পর্কের কারণেই হয়ত দেশ ছাড়েন তিনি। যদিও অনেক পরে এসে জানান, শ্রীলঙ্কার কোচ হওয়ার কারণেই সেই সময়ে বাংলাদেশের দায়িত্ব ছাড়েন তিনি।

২০২৩ সালে দ্বিতীয় মেয়াদে বাংলাদেশের কোচ হয়ে আসেন শ্রীলঙ্কার কোচ চন্ডিকা হাথুরুসিংহে। ৩৫ হাজার ডলারে তার সঙ্গে চুক্তি করা হয়েছিল বাংলাদেশ ক্রিকেট বোর্ডের পক্ষ থেকে। যে চুক্তির মেয়াদ ছিল ২০২৫ সালের ফেব্রুয়ারি পর্যন্ত। তবে চুক্তি অনুযায়ী মেয়াদ পূরণ না করে এবারও বরখাস্ত করা হলো হাথুরুসিংহেকে।

সূত্র: ইত্তেফাক

বাবা হলেন টাইগার পেসার

বাংলাদেশ ক্রিকেট দলের জার্সিতে দুর্দান্ত খেলছেন শরীফুল ইসলাম। বিশেষ করে শেষ কয়েক বছর ধরে জাতীয় দলের নিয়মিত পারফর্মার তিনি। সর্বশেষ ভারত সফরে টেস্টে বিশ্রামে থাকলেও ছিলেন টি-টোয়েন্টি সিরিজের স্কোয়াডে।

দুঃস্বপ্নের সফর শেষ করে দেশে ফেরার পর সুঃসংবাদ পেলেন পঞ্চগড়ের এ পেসার। জানা গেছে পুত্র সন্তানের জনক হয়েছেন জাতীয় দলের বাঁহাতি এ পেসার।

পিতৃত্বের স্বাদ পাওয়ার পরপর ক্রিকেটীয় ব্যস্ততা বাড়বে শরীফুলের। ঘরের মাঠে দক্ষিণ আফ্রিকাকে আতিথ্য দেবে বাংলাদেশ। দেশে মাসের শেষ দিকে আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের দুই টেস্ট খেলতে ঢাকায় আসবে প্রোটিয়ারা।

ঘরের মাঠের এ সিরিজে তার ডাক পাওয়া অনেকটা নিশ্চিত। এরপর ওয়েস্ট ইন্ডিজ সফরে যাবে টাইগাররা। এ ছাড়া বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) ১১তম আসরে দল পেয়েছেন তিনি। চিটাগাং কিংসের হয়ে খেলবেন বাঁহাতি এ পেসার।

সূত্র: কালবেলা

সাফ নারী ফুটবল চ্যাম্পিয়নশিপ খেলতে নেপালে যাচ্ছে বাংলাদেশ

সাফ নারী ফুটবল চ্যাম্পিয়নশিপে খেলতে বাংলাদেশ দল আজ সকালে নেপালে যাচ্ছে। কাঠমান্ডুর দশরথে সাফ নারী চ্যাম্পিয়নশিপ আগামী ১৭ অক্টোবর উদ্বোধন হলেও বাংলাদেশ প্রথম খেলবে পাকিস্তানের বিপক্ষে ২০ অক্টোবর। সাফের বর্তমান চ্যাম্পিয়ন বাংলাদেশ। এবার তাদের ট্রফি ধরে রাখার মিশন।

কিন্তু ট্রফি নিয়ে তারা ভাবছে না। কারণ একটা একটা করে ম্যাচ খেলে এগিয়ে যেতে চায়। সাদা চোখে সাবিনাদের হিসাব হচ্ছে ফাইনালে পৌঁছাতে হবে। এবার কোনো প্রস্তুতি ম্যাচ না খেলে বাংলাদেশ ফুটবল দল নেপাল যাচ্ছে। প্রস্তুতি কেমন হয়েছে, শক্তিশালী প্রতিপক্ষের বিপক্ষে পরখ করার সুযোগ পাননি সাবিনারা। তার ওপর ২০২২ সালে চ্যাম্পিয়ন হওয়ার বাংলাদেশ দলের অনেক ফুটবলার এবারের স্কোয়াডে নেই।

ইংলিশ কোচ জেমস পিটার বাটলারের ২৩ খেলোয়াড়ের মধ্যে ৯ জন নতুন হলেও অনূর্ধ্ব-১৬ চ্যাম্পিয়ন দলের গোলরক্ষক ইয়ারজান বেগম ছাড়া আট জনরই এটি প্রথম সাফ চ্যাম্পিয়নশিপ। সবাই অনূর্ধ্ব-১৬, অনূর্ধ্ব-১৯-সহ আন্তর্জাতিক ফুটবল প্রীতিম্যাচ খেলেছেন। সেখানে ভালো পারফরম্যান্স করার কারণে এবার সাফে খেলার সুযোগ পেয়েছেন।

বাংলাদেশ ট্রফি আনতে যাবে, নাকি ট্রফি দিয়ে আসবে, তা নিয়ে শঙ্কা উড়িয়ে দেওয়া যায় না। কারণ প্রস্তুতি ম্যাচ খেলে দেখার সুযোগ হয়নি। কোচ বাটলার বলেছেন, ‘অভিজ্ঞ ও তারুণ্যনির্ভর দল এটি। এ দল নিয়েই আমরা শিরোপা ধরে রাখার জন্য লড়াই করব। প্রথমে আমাদের সেমিফাইনাল নিশ্চিত করতে হবে, তারপর ফাইনাল।’ ইংলিশ কোচ বলেন, ‘শীর্ষ পর্যায়ে ইংলিশ প্রিমিয়ার লিগে ২০ বছর খেলেছি, তাই ফুটবল আমার কাছে চাপের নয়, উপভোগের। আমরা এই টুর্নামেন্ট উপভোগ করব। আমরা মুখে হাসি নিয়ে খেলব। এ নিয়ে আমার ওপর কোনো চাপ নেই।’

দুই বছরের ব্যবধানে সাফের দল বদলে গেছে আমূল। গতবারের নয়জন নেই এবার। বিশেষ করে, চার গোল করা ফরোয়ার্ড সিরাত জাহান স্বপ্না এবং রক্ষণের সবচেয়ে বড় ভরসা আঁখি খাতুন ফুটবল ছেড়ে চলে যাওয়ায় শক্তি কমেছে। অধিনায়ক সাবিনা খাতুন বলেন, ‘আমি ওদেরকে মিস করব।’ সাফ চ্যাম্পিয়ন হওয়া প্রসঙ্গে কোচ পিটার বাটলার বলেন, ‘পেছনর কথা বলে লাভ নেই। অতীতে যেটা অর্জন করেছি, সেটাকে শ্রদ্ধা করি, এটা নতুন টুর্নামেন্ট। এই দলটারও দারুণ সম্ভাবনা আছে।’

প্রথম বারের মতো সাফ খেলতে যাচ্ছেন গোলরক্ষক ইয়ারজান বেগম, মিলি আক্তার, ডিফেন্ডার আফঈদা খন্দকার, মিডফিল্ডার আইরিন খাতুন, ডিফেন্ডার কোহাতি কিসকু, ফরোয়ার্ড মাতসুসিমা সুমাইয়া, মুনকি আক্তার, শাহেদা আক্তার রিপা ও সাগরিকা। পুরোনো ১৪ জন হচ্ছেন-রূপনা চাকমা, মাসুরা পারভীন, সিউলি আজিম, শামসুন্নাহার, নিলুফা ইয়াসমিন নিলা, মনিকা চাকমা, মারিয়া মান্দা, স্বপ্না রানী, সানজিদা আক্তার, ঋতুপর্ণা চাকমা, সাবিনা খাতুন, তহুরা খাতুন, শামসুন্নাহার (জুনিয়র) ও কৃষ্ণা রানী সরকার।

সূত্র: ইত্তেফাক

বিপিএল ড্রাফট শেষে চূড়ান্ত হলো দলগুলোর স্কোয়াড

বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) ২০২৪ আসরের প্লেয়ার্স ড্রাফট শেষ হয়েছে। আজ সোমবার (১৪ অক্টোবর) ঢাকার একটি পাঁচ তারকা হোটেলে আয়োজিত এই ড্রাফটে চূড়ান্ত হয়েছে সাত দলের স্কোয়াড। ডিসেম্বরের শেষ সপ্তাহে শুরু হতে যাওয়া এবারের বিপিএলকে সামনে রেখে ড্রাফটে দেশের এবং বিদেশি ক্রিকেটারদের নিয়ে দলগুলো তাদের স্কোয়াড সাজিয়েছে।

ড্রাফটের মূল আকর্ষণ ছিল নতুন ও পুরোনো তারকাদের দল পাওয়া এবং কিছু অপ্রত্যাশিত চমক। জাতীয় দলের তারকা খেলোয়াড় রিশাদ হোসেনকে দীর্ঘ সময় দলবিহীন থাকতে দেখা যায়, যা বেশ অবাক করেছে সবাইকে। তবে শেষ পর্যন্ত ফরচুন বরিশাল তাকে দলে ভিড়িয়েছে। অন্যদিকে,

সাব্বির রহমান, শফিউল ইসলাম, মার্শাল আইয়ুবদের মতো খেলোয়াড়রা দীর্ঘ বিরতির পর বিপিএলে খেলার সুযোগ পেয়েছেন।

ফরচুন বরিশালের শক্তিশালী স্কোয়াড

ডিফেন্ডিং চ্যাম্পিয়ন ফরচুন বরিশাল এবারের ড্রাফটে বেশ ভালো করেছে, বিশেষ করে জাতীয় দলের চার অধিনায়ককে স্কোয়াডে অন্তর্ভুক্ত করে। ড্রাফটের আগে তামিম ইকবাল, মুশফিকুর রহিম, তাওহীদ হৃদয়, ফাহিম আশরাফ, ডেভিড মালান, কাইল মায়ার্স এবং মোহাম্মদ নবীকে দলে নিয়েছিল বরিশাল। ড্রাফট থেকে বরিশাল দলে নিয়েছে মাহমুদউল্লাহ, ইবাদত হোসেন, রিশাদ হোসেন এবং বিদেশি খেলোয়াড় হিসেবে নিয়েছে পাথুম নিশাঙ্কা ও নান্দ্রে বার্গারকে।

দুর্বার রাজশাহীর সাদামাটা উপস্থিতি

নতুন করে বিপিএলে আসা দুর্বার রাজশাহী কোনো বড় চমক দেখাতে পারেনি। ড্রাফটের আগে তারা এনামুল হক বিজয়কে দলে নিয়েছিল। আর ড্রাফট থেকে তাসকিন আহমেদ, ইয়াসির আলীসহ কয়েকজন জাতীয় দলের খেলোয়াড়কে অন্তর্ভুক্ত করেছে। বিদেশি খেলোয়াড় হিসেবে তারা সাদ নাসিম এবং লাহিরু সামারাকুনকে দলে ভিড়িয়েছে।

ঢাকা ক্যাপিটালসের চমকপ্রদ দল

ঢাকা ক্যাপিটালস দলে রয়েছে জাতীয় দলের তারকা লিটন দাস এবং তরুণ প্রতিভা সাইম আইয়ুব। এছাড়াও মোস্তাফিজুর রহমান, তানজিদ হাসান তামিম, জনসন চার্লস এবং থিসারা পেরেরা ড্রাফটের আগেই দলে যোগ দিয়েছিলেন। ড্রাফটে তারা দলে নিয়েছে সাব্বির রহমান, মুকিদুল ইসলামসহ আরও কয়েকজন স্থানীয় খেলোয়াড়কে।

চিটাগাং কিংসের হতাশা

চিটাগাং কিংস ড্রাফটের আগে সাকিব আল হাসান, শরিফুল ইসলাম, মইন আলি এবং অ্যাঞ্জেলো ম্যাথুসের মতো বড় নামগুলোকে দলে নিয়েছিল, তবে ড্রাফটে তেমন কোনো চমক দিতে পারেনি। ড্রাফট থেকে তারা গ্রাহাম ক্লার্ক এবং থমাস ও’কনেলকে বিদেশি খেলোয়াড় হিসেবে বেছে নিয়েছে।

রংপুর রাইডার্সের তারুণ্য ও অভিজ্ঞতার মিশ্রণ

রংপুর রাইডার্স ড্রাফটের আগে দলে নিয়েছিল নুরুল হাসান সোহান,

শেখ মেহেদী হাসান এবং অ্যালেক্স হেলসকে। ড্রাফট থেকে তারা তরুণ সাইফ হাসান এবং সৌম্য সরকারের পাশাপাশি বিদেশি খেলোয়াড় হিসেবে আকিফ জাভেদ এবং কার্টিস ক্যাম্ফারকে দলে ভিড়িয়েছে।

সিলেট স্ট্রাইকার্সের অভিজ্ঞতার সমাহার

সিলেট স্ট্রাইকার্স দলে নিয়েছে অভিজ্ঞ মাশরাফী বিন মোর্ত্তজা, রনি তালুকদার, আল আমিন হোসেন এবং আরাফাত সানিকে। বিদেশি খেলোয়াড় হিসেবে তারা রাহকিম কর্নওয়াল এবং ইংল্যান্ডের পেসার রিস টপলিকে দলে নিয়েছে।

খুলনা টাইগার্সের পরিকল্পিত দলগঠন

খুলনা টাইগার্স ড্রাফটের আগে নাসুম আহমেদ, আফিফ হোসেন, মেহেদি হাসান মিরাজকে দলে নিয়েছিল। ড্রাফট থেকে তারা দলে নিয়েছে তরুণ খেলোয়াড় মাহমুদুল হাসান এবং অভিজ্ঞ লুইস গ্রেগরিকে। বিদেশি খেলোয়াড়দের মধ্যে মোহাম্মদ হাসনাইনও আছে খুলনার দলে।

বিপিএলের উত্তেজনার শুরু

ড্রাফটের মাধ্যমে বিপিএল ২০২৪ এর উত্তেজনা এখন পূর্ণ মাত্রায় শুরু হয়েছে। প্রতিটি দলই শক্তিশালী স্কোয়াড গঠন করেছে, যেখানে তারকা ক্রিকেটার এবং প্রতিভাবান তরুণদের মিশ্রণ রয়েছে। এবার দেখার পালা, কে ছিনিয়ে নেয় শিরোপার লড়াই।

বিয়ের কারণে ঢাকার সঙ্গে চুক্তি স্থগিত হেলসের

শুরু হয়ে গেছে বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) একাদশ আসরের রোমাঞ্চ। খেলোয়াড়দের মূল্য তালিকা ও ক্যাটাগরি প্রকাশ করা হয়েছে। ছয় ক্যাটাগরিতে ১৮৮ জন স্থানীয় ক্রিকেটারের নাম চূড়ান্ত হয়েছে। আগামী ১৪ অক্টোবর অনুষ্ঠিত হবে প্লেয়ার্স ড্রাফট। এর আগে সরাসরি চুক্তির মাধ্যমে দেশি-বিদেশি ক্রিকেটারদের দলে ভেড়ানোর সুযোগ পাচ্ছে দলগুলো।

সরাসরি চুক্তিতে ইংল্যান্ডের বিশ্বকাপজয়ী তারকা ব্যাটার অ্যালেক্স হেলসকে দলে ভিড়িয়েছিল ঢাকা ক্যাপিটালস। গত শুক্রবার হেলসকে দলে নেওয়ার ঘোষণা দেয় রাজধানী ঢাকার ফ্রাঞ্চাইজিটি। তবে সেই চুক্তিটি স্থগিত করা হয়েছে। হেলসের বিয়ের কারণে বিপিএলে দেখা যাবে না তাকে। এক বিবৃতিতে এই তথ্য জানিয়েছে ঢাকা ক্যাপিটালস।

রোববার (১৩ অক্টোবর) বিবৃতিতে ঢাকার ফ্রাঞ্চাইজিটি জানায়, ‘ঢাকা ক্যাপিটালস বিদেশি কোটায় ইংলিশ ব্যাটসম্যান অ্যালেক্স হেলসকে দলভুক্ত করার বিষয়টি তার পক্ষ থেকে নিশ্চয়তা পেয়ে সামাজিক মাধ্যমে ঘোষণা দেয়। তিনি বর্তমানে বিয়ে সংক্রান্ত ব্যস্তাতার কারণে চুক্তিটি স্থগিত রাখতে অনুরোধ করেছেন। আমরা তার ব্যক্তিগত জীবনের গুরুত্বপূর্ণ বিষয়টিকে সম্মান জানাই। ঢাকা ক্যাপিটালসের পক্ষ থেকে তার জীবনের দ্বিতীয় ইনিংসের জন্য শুভকামনা থাকল।’

ইতোমধ্যে বেশ কয়েকজন ক্রিকেটারকে সরাসরি চুক্তিতে দলে নিয়েছে চিত্রনায়ক শাকিব খানের মালিকানাধীন ঢাকা। দেশিদের মধ্যে দলে ভিড়িয়েছে মোস্তাফিজুর রহমান ও তানজিদ হাসান তামিমকে। এ ছাড়া বিদেশিদের মধ্যে জনসন চার্লস, থিসারা পেরেরা ও আমির হামজাকে নিয়েছে তারা।

সূত্র: ইত্তেফাক